# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 23 June, 2025

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী ডা. জুবাইদা রহমান এবার ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে যাচ্ছেন।ইতোমধ্যে নির্বাচন কমিশন (ইসি) হালনাগাদ কার্যক্রমের অংশ হিসেবে তার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করেছে।

ইসি সচিবালয়ের জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ বিষয়টি নিশ্চিত করে জানিয়েছেন, এবারকার হালনাগাদ প্রক্রিয়ায় ডা. জুবাইদার তথ্য সংগ্রহ করা হয়েছে।ইসির সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, গত ৬ মে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে দেশে ফেরেন জুবাইদা রহমান।এরপর ঈদের আগে ঢাকায় ভোটার হিসেবে নিবন্ধনের জন্য তার তথ্য সংগ্রহ ও প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করা হয়।৫ জুন তিনি আবার লন্ডন ফিরে যান।

২০০৮ সালে ওয়ান-ইলেভেনের সময় ছবিসহ ভোটার তালিকা তৈরির কাজ শুরু হলেও সে সময় তারেক রহমান ও জুবাইদা রহমান লন্ডনে অবস্থান করায় ভোটার তালিকায় তাদের নাম অন্তর্ভুক্ত হয়নি।দীর্ঘ ১৬ বছর পর দেশে এসে এবারই প্রথমবার ভোটার হচ্ছেন জুবাইদা রহমান।

সূত্রমতে, তথ্য সংগ্রহ এবং প্রাথমিক নিবন্ধন শেষ হলেও, চূড়ান্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত হবে আগামী বছরের ২ মার্চ, হালনাগাদ কার্যক্রম শেষ হওয়ার পর।তবে আগামী নির্বাচনের সময়সূচি ফেব্রুয়ারিতে পড়লে, ভোটার তালিকা আইন সংশোধন করে তার আগেই তালিকা প্রকাশের চিন্তাভাবনা করছে ইসি।

উল্লেখ্য, জুবাইদা রহমানের স্থায়ী ঠিকানা সিলেটের দক্ষিণ সুরমা এলাকায় হলেও তিনি এখনো রাজনীতিতে সক্রিয় নন।তবুও তাকে ঘিরে সিলেটে বিএনপির রাজনীতিতে ইতিমধ্যেই আলোচনার জন্ম দিয়েছে।দেশে ফেরার পর সিলেটে তাকে কেন্দ্র করে আনন্দ মিছিল, পোস্টারিং হয় এবং সিলেট-১ আসনে সম্ভাব্য প্রার্থী হিসেবে অনেকেই তার নাম সামনে আনেন।

উল্লেখযোগ্য যে, জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হতে হলে একজন ভোটার হওয়া বাধ্যতামূলক। একবার ভোটার হলে তিনি চাইলে দেশের যেকোনো আসন থেকে প্রার্থী হতে পারেন।

ডা. জুবাইদা রহমান তারেক রহমান নির্বাচন কমিশন সচিবালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 13:37

URL: https://timestodaybd.com/politics/2604433601